

ত্রী আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩:৯৫

💵 আরবি মূল আয়াত:

قُل صَدَقَ اللّٰهُ فَاتَّبِعُوا مِلَّةَ اِبرُهِيمَ حَنِيفًا ١٤ وَ مَا كَانَ مِنَ المُشرِكِينَ ﴿ 80﴾

বল, 'আল্লাহ সত্য বলেছেন। সুতরাং তোমরা ইবরাহীমের মিল্লাতের অনুসরণ কর একনিষ্ঠভাবে। আর সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না'। — আল-বায়ান

বল, 'আল্লাহ সত্য বলেছেন, সুতরাং তোমরা একনিষ্ঠভাবে ইবরাহীমের অনুসরণ কর, সে মুশরিকদের অন্তর্ভুক্ত নয়'। — তাইসিকল

তুমি বলঃ আল্লাহ সত্য বলেছেন; অতএব তোমরা ইবরাহীমের সুদৃঢ় ধর্মের অনুসরণ কর এবং সে অংশীবাদীদের অন্তর্গত ছিলনা। — মুজিবুর রহমান

Say, "Allah has told the truth. So follow the religion of Abraham, inclining toward truth; and he was not of the polytheists." — Sahih International

৯৫. বলুন, আল্লাহ সত্য বলেছেন কাজেই তোমরা একনিষ্ঠভাবে ইবরাহীমের মিল্লাত অনুসরণ কর, আর তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না।

তাফসীরে জাকারিয়া

(৯৫) বল, আল্লাহ সত্য বলেছেন। সুতরাং তোমরা একনিষ্ঠ ইব্রাহীমের ধর্মাদর্শ অনুসরণ কর এবং সে অংশীবাদীদের দলভুক্ত ছিল না।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=388





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন